

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৭  
কৈলাসহর, ০৫ জুন, ২০২৪

১২-১৬ জুন কৈলাসহর বইমেলা

আগামী ১২ জুন থেকে ৫ দিনব্যাপী কৈলাসহর বইমেলা শুরু হবে। কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবনে কৈলাসহর বইমেলার আয়োজন করা হবে। ৫ দিনব্যাপী কৈলাসহর বইমেলার সমাপ্তি হবে আগামী ১৬ জুন। সম্প্রতি ঊনকোটি জেলার জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের কনফারেন্স হলে এ উপলক্ষে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জেলাশাসক ডি কে চাকমা। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব, অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্সের সম্পাদক উত্তম চক্রবর্তী, ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সম্পাদক অজিত দেববর্মা, কৈলাসহর প্রেস ক্লাবের সম্পাদক সুকান্ত চক্রবর্তী প্রমুখ। প্রস্তুতি সভায় কৈলাসহর বইমেলা সফল করে তুলতে বিভিন্ন উপকর্মটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*